

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯২৪

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ দুনিয়ার জীবনে কারো জ্বর হলে, মহান আল্লাহ এর বদৌলতে তাকে পাপ থেকে পবিত্র করবেন

ذِكْنُ تَطْهِيرِ اللَّهِ الْمُسْلِمَ مِنْ ذُنُوبِهِ بِالْحُمَّى إِذَا اعْتَرَتْهُ فِي دَارِ الدُّنْيَا

আরবী

2924 _ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا جَرِيرٌ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي سُفْيَانَ عَنْ جَابِرٍ قَالَ: أَتَتِ الْحُمَّى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْأَعْمَشِ عَنْ أَبِي سُفْيَانَ عَنْ جَابِرٍ قَالَ: أَتَتِ الْحُمَّى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَالْءَ فَالْتَدْ: أَنَا أُمُّ مِلْدَم قَالَ:

(انْهَدِي إِلَى قُبَاءَ فَأْتِيهِمْ) قَالَ: فَأَتَتْهُمْ فَحُمُّوا ـ أَوْ لَقُوا مِنْهَا شِدَّةً ـ فَقَالُوا: يَا رَسُولَ اللَّهِ مَا تَرَى مَا لَقِينَا مِنَ الْحُمَّى قَالَ: (إِنْ شِئْتُمْ دَعَوْتُ اللَّهَ فَكَشَفَهَا عَنْكُمْ وَإِنْ شِئْتُمْ كَانَتْ طَهُورًا) قَالُوا: بل تكون طهوراً.

الراوي : جَابِر | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2924 | خلاصة حكم المحدث: صحيح ـ ((التعليق الرغيب)) (4/ 154).

বাংলা

২৯২৪. জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার জ্বর আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে এসে তাঁর অনুমতি চাইলে, তিনি বলেন, "তুমি কে?" তখন সে বললো, "আমি জ্বর।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "তুমি কুবার দিকে গিয়ে, তাদের কাছে যাও।"

রাবী বলেন, "তারপর তারা জ্বরে আক্রান্ত হয়ে যায়। অথবা তারা এতে ভীষণ কস্টের সম্মুখীন হয়- তারপর তারা বললো, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আপনি কি লক্ষ্য করেছেন যে, আমরা জ্বরের কারণে কী পরিমান কস্টের মুখোমুখী হচ্ছি?" তিনি জবাবে বলেন, "যদি তোমরা চাও, তবে আমি আল্লাহর কাছে দু'আ করবো। অতঃপর তিনি তোমাদের থেকে তা দূর করে দিবেন। আর যদি চাও, তবে তোমাদের পাপ থেকে পবিত্র হওয়ার কারণ হবে।" তখন তারা জবাবে বললো, "তবে সেটা আমাদের জন্য পাপ থেকে পবিত্র হওয়ার কারণই



হোক।"[1]

ফুটনোট

[1] হাকিম: ১/৩৪৬; হাইসামী, মাজউয যাওয়াইদ: ২/৩০৫-৩০৬; মুসনাদ আহমাদ: ৩/৩১৬।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আত তা'লীকুর রাগীব: 8/১৫৪)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন